Mahmud Hasan Khan
President

BGMEA

বিজিএ/হিসাব/২০২৬/২০৪

২ আগষ্ট, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য

**বিষয় ঃ "বিজিএমইএ মেম্বারস ওয়েলফেয়ার ফান্ড" গঠন ও বাস্তবায়ন সংক্রান্ত**

প্রিয় সহকর্মীবৃন্দ,

বিজিএমইএ বর্তমান পরিচালনা পর্ষদ গত ১৬ জুন ২০২৫ তাদের ২০২৫-২০২৭ মেয়াদকালের জন্য দায়িত্বভার গ্রহণ করেন। দায়িত্ব গ্রহনের পর থেকে সম্মানিত সদস্যদের কল্যাণ, জরুরী সহায়তা এবং অপ্রত্যাশিত দুর্যোগ বা দুঃসময়ে সদস্য ও তাদের পরিবারদের আর্থিক সুরক্ষা নিশ্চিতকরণকে পরিচালনা পর্ষদ সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করে আসছে।

সম্মানিত সদস্যবৃন্দের নিরাপত্তা ও সুসংগঠিত কল্যাণে বর্তমান পরিচালনা পর্ষদের দূরদর্শীতাপূর্ণ, আন্তরিক উদ্যোগের অংশ হিসেবে গত ১৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৮ম জরুরি সভায় **"বিজিএমইএ মেম্বারস ওয়েলফেয়ার ফান্ড"** গঠনের সুনির্দিষ্ট সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় তহবিলের সম্ভাব্যতা, কাঠামো ও পরিচালনা পদ্ধতি নির্ধারণের জন্য একটি বিশেষায়িত কমিটি গঠন করা হয়।

পরবর্তী সময়ে, উক্ত কমিটি বিস্তৃত পর্যালেচনার ভিত্তিতে একটি যুগোপযোগী খসড়া প্রস্তাব প্রস্তুত করে, যা গত ৮ জুন ২০২৬ তারিখে পরিচালনা পর্ষদের ৯ম জরুরি সভায় উত্থাপিত হয়। সভায় "বিজিএমইএ মেম্বারস ওয়েলফেয়ার ফান্ড" গঠনের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

তহবিলটির কার্যক্রম দ্রুত ও কার্যকরভাবে শুরু করার লক্ষ্যে পরিচালনা পর্ষদ একটি যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করেছে। বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, প্রাথমিক মূলধন হিসেবে বিজিএমইএ-এর পক্ষ থেকে ৩ (তিন) বছরের জন্য ১০ (দশ) কোটি টাকা ঋণ (Loan) প্রদানের মাধ্যমে এই কল্যাণ তহবিল চালু করা হবে।

**এই ওয়েলফেয়ার ফান্ডের কার্যক্রম আগামি ১৫ আগষ্ট ২০২৬ হতে আনুষ্ঠানিকভাবে কার্যকর হতে যাচ্ছে।**

### ১। তহবিল গঠনের উৎস ও অবদান কাঠামো ঃ

সদস্যদের জন্য একটি সুসংগঠিত, স্বচ্ছ ও টেকসই কল্যাণ কাঠামো গড়ে তুলতে সদস্যদের কার্যকর আর্থিক সহায়তা এবং অংশগ্রহণ অপরিহার্য। বিজিএমইএ পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত অবদানের হার নিম্নে প্রদান করা হলো ঃ

| অবদানের উৎস | টাকার পরিমান |
|---|---:|
| প্রতি UD ইস্যুর বিপরীতে অবদান (অতিরিক্ত) | ১০০/- |
| প্রতি UD Amendment এর বিপরীতে অবদান (অতিরিক্ত) | ৭৫/- |
| UD সুবিধা গ্রহণ করেন না এমন সদস্যদের এককালীন অবদান | ২৫,০০০/- |
| নতুন সদস্য পদ গ্রহনের সময় এককালীন অবদান | ১০,০০০/- |
| জয়েন্ট ভেঞ্চার প্রতিষ্ঠানের সদস্য পদ গ্রহনের সময় অবদান | ৫০,০০০/- |
| বিদেশী/বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের সদস্য পদ গ্রহনের সময় | ১,০০,০০০/- |
| UD সুবিধা গ্রহণকারী সদস্যদের বার্ষিক নবায়ন ফি প্রদানের সময় | ২,০০০/- |

**বিশেষ দ্রষ্টব্যঃ** যেসব সদস্য ইতোমধ্যে ২০২৬ সালের সদস্যপদ নবায়ন করেছেন, তারাও ওয়েলফেয়ার ফান্ডের আওতায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য নির্ধারিত এককালীন অবদান প্রদান করবেন।

**Mahmud Hasan Khan**
President

BGMEA

## ২। কল্যাণ সহায়তার কাঠামো ঃ

"বিজিএমইএ মেম্বারস ওয়েলফেয়ার ফান্ড" এর আওতায় প্রাপ্ত সহায়তার বিবরণ ঃ

| সহায়তার ধরন | সর্বোচ্চ সহায়তার পরিমাণ |
|---|---|
| মৃত্যুজনিত সহায়তা | ২৫ লক্ষ টাকা |
| আংশিক অক্ষমতা সহায়তা | ১০ লক্ষ টাকা |
| জটিল রোগের চিকিৎসা সহায়তা | সর্বোচ্চ ৫ লক্ষ টাকা (প্রকৃত হাসপাতাল বিল অনুযায়ী) |

## ৩। সুবিধাভোগী (**Beneficiary**) মনোনয়ন ঃ

লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সর্বোচ্চ ২ (দুই) জন

পার্টনারশিপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে সর্বোচ্চ ২ (দুই) জন

প্রোপাইটরশিপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১ (এক) জন

সদস্য প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে সুবিধাভোগীর নাম সংশোধন বা পরিবর্তন করতে পারবেন।

## ৪। গুরুত্বপূর্ণ শর্তাবলী ও আবেদন প্রক্রিয়া ঃ

এই কল্যাণ তহবিলের আওতায় সুবিধা লাভ করতে হলে সংশ্লিষ্ট সদস্যের বিজিএমইএ সদস্যপদের বার্ষিক নবায়ন ফি বা সাবস্ক্রিপশন অবশ্যই হালনাগাদ থাকতে হবে। হালনাগাদ সদস্যপদ ব্যতিরেকে এই সুবিধা পাওয়ার কোনো সুযোগ থাকবে না।

"বিজিএমইএ মেম্বারস ওয়েলফেয়ার ফান্ড" এর অবদান কাঠামো, কল্যাণ সহায়তার রূপরেখা ও সুবিধাভোগী মনোনয়ন বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য বিজিএমইএ কার্যালয়ের হিসাব শাখার জনাব সনজিব প্রসাদ ঘোষ, জে.সি.এ. (০১৭৫৫৬১৮৩০৮) ও আবু কাউসার ভূইয়া, সহকারী সচিব (০১৯১১৪৩৭৭৯৯) এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

তহবিলের বিস্তারিত বিধিমালা, আবেদন পদ্ধতি ও সহায়তার শর্তাবলি পরবর্তীতে জানানো হবে।

শুভেচ্ছান্তে,

মাহমুদ হাসান খান
সভাপতি